



তথ্যবিবরণী

নম্বর- ০০৭

রাজশাহীর পর্যটন উন্নয়নে কাজ করছে সরকার

- বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রী

রাজশাহী; ২১ আষাঢ় (০৫ জুলাই):

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রী মুহাম্মদ ফারুক খান, এমপি বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা সব সময় বাংলাদেশের সার্বিক উন্নয়নের কথা চিন্তা করেন। তিনি আমাদের বিশেষ করে রাজশাহীর পর্যটন খাতের উন্নয়নে নির্দেশ প্রদান করেছেন।

আজ শুক্রবার (০৫ জুলাই) বিকালে রাজশাহী কালেক্টরেট মাঠে বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের আয়োজনে তিন দিনব্যাপী বাংলাদেশ ফেস্টিভ্যাল রাজশাহীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

রাজশাহীর বিভিন্ন খ্যাতির কথা উল্লেখ করে ফারুক খান বলেন, রাজশাহী রেশমের জন্য বিখ্যাত। এ শিল্পের উন্নয়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কথা জানান তিনি। এছাড়াও আম ও লিচুর গবেষণা করে এর ফলন বৃদ্ধির কাজ করার কথা উল্লেখ করেন।

মন্ত্রী বলেন, পদ্মার পাড়ে একটি চর জেগেছে, এখানে একটি পর্যটন নগরী গড়ে তোলার পরিকল্পনা করা হচ্ছে। এই নগরী গড়ে উঠলে বিদেশী পর্যটকরা রাজশাহীর প্রতি আগ্রহী হবে। চীন, কোরিয়া, সৌদি আরবসহ মধ্যপ্রাচ্যের দেশের যারা বাংলাদেশ ভ্রমণে আগ্রহী তাদের রাজশাহীতে পাঠানো হবে, যাতে রাজশাহীর পর্যটন খাতের উন্নয়ন হয়।

তিনি বলেন, রাজশাহীর প্রতি বিদেশী পর্যটকদের আগ্রহ বাড়াতে পর্যটন মোটেলকে ফাইভ স্টার করার পরিকল্পনা নেওয়া হয়েছে। রাজশাহী শাহ মখদুম বিমান বন্দরকে সম্প্রসারিত করা হচ্ছে। এই বিমান বন্দরকে একটি আন্তর্জাতিক বিমান বন্দর করার পরিকল্পনা রয়েছে সরকারের। এ সময় কার্গো বিমানের মাধ্যমে রাজশাহীর আম সারা পৃথিবীতে পাঠানোর কথা জানান তিনি।

এসময় মন্ত্রী রাজশাহী পর্যটন খাতের উন্নয়নে সবার সহযোগিতা কামনা করেন তিনি।

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব মো: মোকাম্মেল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন রাজশাহী- ২ আসনের সংসদ সদস্য মো. শফিকুর রহমান বাদশা, ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশনের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. মাসুদুর রহমান, বিভাগীয় কমিশনার ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর, রাজশাহী রেঞ্জের ডিআইজি মোঃ আনিসুর রহমান, আরএমপি'র কমিশনার বিপ্লব বিজয় তালুকদার, জেলা প্রশাসক শামীম আহমেদ এবং মহানগর আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ আলী কামাল। অন্যান্যদের মধ্যে সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, বীর মুক্তিযোদ্ধা, রাজনৈতিক ব্যক্তিত্ব এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

এর আগে মন্ত্রী মেলার বিভিন্ন স্টল পরিদর্শন করেন।

উল্লেখ্য যে, বিভাগীয় পর্যায়ে রাজশাহীতে বাংলাদেশ ফেস্টিভ্যাল প্রথম আয়োজিত হচ্ছে। তিন দিনব্যাপী এ মেলায় ৮৭ টি স্টল অংশগ্রহণ করেছে, যার মধ্যে ৩১টি ফুড, ৩৩টি ক্রাফট, হোটেল ও ট্যুর অপারেটর ৫টি, আমের ৬টিসহ সিল্ক, প্রাকৃতিক অধিদপ্তর, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং ট্যুরিস্ট পুলিশের স্টল রয়েছে।

.....  
তৌহিদুজ্জামান/আতিক/রুহুল/২০২৪/২১:০০ ঘ.